



নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

ই মেইল: precs@dhaka.net
ওয়েব সাইট : www.ecs.gov.bd

ফোন : ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
ফ্যাক্স : ৯১২৯৭৭৩

নিকস/জঃসঃ/প্রেস রিলিজ/২০০৫/১৪৮৭

তারিখঃ ২৫/৭/২০০৬

সংবাদ বিজ্ঞপ্তি

উপ নির্বাচন- দিনাজপুর-৩ ও কুমিল্লা-৮ :

আগামী ০৭ সেপ্টেম্বর ২০০৬ তারিখে জাতীয় সংসদের ৮ দিনাজপুর-৩ এবং ২৫৫ কুমিল্লা-৮ শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন কমিশন আজ এক গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে উক্ত আসন দুটির নির্বাচনের বিস্তারিত সময়সূচী ঘোষণা করেছে। নির্বাচনের সময়সূচী অনুযায়ী :


- | | | |
|-----|---|-----------------------------------|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ : | ১৩ আগস্ট, ২০০৬ (রবিবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ : | ১৪ আগস্ট, ২০০৬ (সোমবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ : | ২২ আগস্ট, ২০০৬ (মঙ্গলবার) |
| (ঘ) | ভোট গ্রহণের তারিখ : | ০৭ সেপ্টেম্বর, ২০০৬ (বৃহস্পতিবার) |

জাতীয় সংসদের ৮ দিনাজপুর-৩ শূন্য আসনের নির্বাচন পরিচালনার জন্য জেলা প্রশাসক, দিনাজপুরকে রিটার্নিং অফিসার এবং উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদরকে সহকারী রিটার্নিং অফিসার এবং ২৫৫ কুমিল্লা-৮ শূন্য আসনের নির্বাচন পরিচালনার জন্য জেলা প্রশাসক, কুমিল্লাকে রিটার্নিং অফিসার এবং উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা আদর্শ সদরকে সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে।

জাতীয় সংসদের ৮ দিনাজপুর-৩ আসন হতে নির্বাচিত ৮ম জাতীয় সংসদের মাননীয় সংসদ সদস্য বেগম খুরশীদ জাহান হক এর মৃত্যুতে গত ১৪ জুন ২০০৬ তারিখে এবং ২৫৫ কুমিল্লা-৮ আসন হতে নির্বাচিত জাতীয় সংসদের মাননীয় সংসদ সদস্য লেঃ কর্ণেল (অবঃ) আকবর হোসেন এর মৃত্যুতে গত ২৫ জুন ২০০৬ তারিখে উক্ত আসন দুটি শূন্য হয়।

সময়সূচী ঘোষণার পর ঐ দুটি নির্বাচনী এলাকার ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম :

সময়সূচী ঘোষণার পরও উল্লিখিত দুটি নির্বাচনী এলাকার ভোটার তালিকায় অন্তর্ভুক্তিকরণ, ভুল সংশোধন ও কর্তন সংক্রান্ত কার্যক্রম অব্যাহতভাবে পরিচালনার জন্য ভোটার তালিকা অধ্যাদেশ, ১৯৮২ এর ধারা ১৫ এর আলোকে নির্বাচন কমিশন কর্তৃক সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসার (রেজিস্ট্রেশন অফিসার) কে আদেশ প্রদান করা হয়েছে।


(এস এম আসাদুজ্জামান)

জনসংযোগ কর্মকর্তা (সিঃসিঃ)

ফোন : ৮১১৪১৭৬ (অফিস)

৮০৫৩৪৭৬ (বাসা)